



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৫ সেপ্টেম্বর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৫শে সেপ্টেম্বর, ২০১৮ তারিখ দুপুর ১২.০০ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিশ্ববিদ্যালয়ের অর্জুন তলায় “স্বপ্নোথান বই মেলা ২০১৮” শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ আয়োজন সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, সামাজিক দায়বদ্ধতার জায়গা থেকে স্বপ্নোথানের বিভিন্ন সামাজ উন্নয়ন মূলক কর্মকাণ্ড প্রশংসার দাবি রাখে। বিশ্ববিদ্যালয় প্রশাসন এ ধরনের গঠন মূলক কার্যক্রমকে সব সময় উৎসাহিত করছে এবং করবে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্বপ্নোথানের উপদেষ্টা প্রফেসর আমিনা পারভিন, গনিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. অনোয়ারুল ইসলাম, স্বপ্নোথানের উপদেষ্টা লেকচারার জনাব এএসএম আবু সায়েম, স্বপ্নোথানের উপদেষ্টা লেকচারার জনাব মো. রিয়াতুল ইসলাম, সংগঠনের সাবেক সভাপতি শাকিব হোসাইন, মাইনুল রায়হান, আল ফয়সাল অনিক, বর্তমান সভাপতি মাহদীন আল নাফি, সাধারণ সম্পাদক রিজওয়ানুল রহমান পলাশ ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সাবেক সাধারণ সম্পাদক মেহেদী কবীর ।

রেজিস্ট্রার